

অধ্যক্ষ নিয়োগে অনিয়ম
 সুরঞ্জিতসহ ১৯ জনকে কারণ
 দর্শানোর নোটিশ

■ সুনামগঞ্জ প্রতিনিধি
 সুনামগঞ্জের শাল্লা কলেজে বিধিবিহীন অধ্যক্ষ নিয়োগের অভিযোগে আদালতে মামলা করেছেন কলেজের একজন সহকারী অধ্যাপক। মামলায় স্থানীয় সাংসদ সুরঞ্জিত সেনগুপ্ত, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, শাল্লা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ ১৯ জনকে বিবাদী করা হয়েছে। শাল্লা সহকারী জজ আদালতে তিনি এই মামলাটি করেন। আদালত মামলাটি গ্রহণ করে গতকাল সোমবার বিবাদীদের নোটিশপ্রাপ্তির ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দেন। শাল্লা সহকারী জজ আতিকুল হাছদার মামলাটি গ্রহণ করে সোমবার বিবাদী শাল্লা উপজেলা নির্বাহী কর্মকর্তা এমএম মহিউদ্দিন কবীর মাহিন, শাল্লা উপজেলা পরিষদ চেয়ারম্যান আভভোকেট অবনী মোহন দাস, শাল্লা কলেজের পরিচালনা পর্ষদের সদস্য মো. এনামুল হক, কংকন ভাস্করদার, শিল্পী রানী বণিক, মহারাজ দাস, কিরোদ চন্দ্র দাস, সত্যেন্দ্র চন্দ্র সরকার, দিলীপ চন্দ্র ভৌমিক, খোগমারা দাস ও বেণী মাধব ভাস্করদার, সদস্য সচিব মিহির দাস পুরকায়স্থ, সুরঞ্জিত সেনগুপ্ত এমপি, চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর, ঢাকাকে নোটিশ জারির ৭ দিনের মধ্যে এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ দেন।